

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে অ্যাকাডেমিক মানোন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে অ্যাকাডেমিক মানোন্নয়ন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (০৯ জুন ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আয়োজিত ‘ট্রেনিং অন অ্যানহেসিং অ্যাকাডেমিক এন্ড এক্সামিনেশন ক্রিডেনশিয়ালস্ অব নোয়াখালী সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর ও সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন। আইকিউএসির অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিমের সঞ্চালনায় প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, অধ্যাপক ড. আসাদুন নবী, অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, অধ্যাপক ড. ফিরোজ আহমেদ ও জনাব মো. ইফতেখার আলম ইফাত।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, শিক্ষকদের নিয়মানুবর্তিতা একাডেমিক কার্যক্রমকে এগিয়ে নিতে সহায়ক। আজকের প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে শিক্ষকগণ নানাভাবে দক্ষতা অর্জনের সুযোগ পেলো। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম এগিয়ে নিতে ছাত্র-শিক্ষক সম্পর্ক সুদৃঢ় রাখতে হবে। যাতে করে নোবিপ্রবি পর্যায়ক্রমে শিক্ষা ও গবেষণায় দেশে ও বিদেশে সফলতার স্বাক্ষর রাখতে পারে। আজকে যারা প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিয়েছেন সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, এ ধরনের প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে আমরা শিক্ষা ও পরীক্ষা অধ্যাদেশ সম্পর্কে সবিস্তার জানার সুযোগ হয়। বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে পারে শিক্ষকগণ, কাজেই শিক্ষকদের অংশগ্রহণে আয়োজিত এ ধরনের প্রশিক্ষণ কর্মশালা শিক্ষার মানোন্নয়নে যুগান্তকারী ভূমিকা রাখবে এই আশাবাদ ব্যক্ত করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪